



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস

ডিপ্লোমা ও মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

নোবিপ্রবি/আইআইএস/ভর্তি-১২/২০২৩/৮৬৬

২১ মার্চ ২০২৩

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস (আইআইএস) কর্তৃক পরিচালিত এক বছর মেয়াদী লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্সেস বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রাম (০১ বছর, ০২ সেমিস্টার) এর ১২ ব্যাচ এবং মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রাম (০২ বছর, ০৪ সেমিস্টার) এর ২য় ব্যাচ- এ ভর্তিচ্ছুদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন করার সময়সীমা ৩১ মে ২০২৩ তারিখ পর্যন্ত। ভর্তি পরীক্ষার সময় পরে জানিয়ে দেওয়া হবে।

আবেদনের যোগ্যতা: স্নাতক (সম্মান/পাস) বা সমমান ডিগ্রি; যেখানে শিক্ষা জীবনে গ্রেডিং পদ্ধতিতে সর্বমোট ন্যূনতম ০৭ (সাত) পয়েন্ট অথবা ডিভিশন পদ্ধতিতে ০৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম শ্রেণির জন্য ৩ পয়েন্ট, দ্বিতীয় শ্রেণির জন্য ২ পয়েন্ট এবং তৃতীয় শ্রেণির জন্য ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে)।

উল্লেখ্য, অত্র ইনস্টিটিউটের অধীনে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রাম সম্পন্নকারী শিক্ষার্থীরা পরবর্তী ০২ সেমিস্টার সম্পূর্ণ করে মাস্টার্স ডিগ্রী অর্জন করতে পারবেন।

আবেদনের নিয়মাবলী :

অফিস থেকে সংগ্রহপূর্বক অথবা https://www.nstu.edu.bd/forms_and_downloads.html লিংক হতে ডাউনলোডকৃত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও মার্কশীট/ ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের তিনকপি রঙ্গিন ছবি এবং আবেদন ফি হিসেবে নগদ ১,০০০/= টাকা আইআইএস এর অফিস (নোবিপ্রবি কেন্দ্রীয় লাইব্রেরির ২য় তলা, রুম- ২০২) থেকে সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত (শুক্রবারসহ) জমা দিয়ে Admit Card সংগ্রহ করতে হবে। ক্লাস সপ্তাহে ২ দিন (শুক্রবার ও শনিবার)।

বিজ্ঞারিত: অফিস কক্ষ নং: ২০২, দ্বিতীয় তলা, কেন্দ্রীয় লাইব্রেরী ভবন, ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

মোবাইল: ০১৮৮৩-০০৯৮৯৯, Email: iis@office.nstu.edu.bd, web: <http://iis.nstu.edu.bd/>

Ataman

পরিচালক, আইআইএস